**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

# সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ৮৫/২০১৭**

**ঢাকা, বুধবার ২৬ এপ্রিল ২০১৭, ১৩ বৈশাখ ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। একনেকে ১৩ প্রকল্প অনুমোদন

২। উত্তরাধিকারের রাজনীতি চান না প্রধানমন্ত্রী

৩। ২০২১ সালের মধ্যে দেশ হবে ফাইলেরিয়ামুক্ত : স্বাস্থ্যমন্ত্রী

৪। বাংলাদেশের মানুষের গড় আয়ু বেড়ে ৭১ দশমিক ৬ বছর

৫। নতুন ভ্যাট আইনে ব্যবসাবান্ধব পরিবেশ নিশ্চিত হবে : আইনমন্ত্রী

৬। হাওরের ক্ষতিগ্রস্ত কৃষকদের মুখে হাসি না ফোটা পর্যন্ত সরকার পাশে থাকবে : দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণমন্ত্রী

৭। নতুন কোচে খুলনা-রাজশাহী রুটে সাগরদাঁড়ি এক্সপ্রেসের উদ্বোধন

৮। স্টার্টআপের উন্নয়নের সঙ্গে দেশের উন্নয়ন জড়িত : আইসিটি প্রতিমন্ত্রী

৯। হাওর এলাকার ক্ষতিগ্রস্তদের জন্য ২০ কোটি টাকার সুদমুক্ত ঋণ মঞ্জুর করেছে পিকেএসএফ

১০। এসএসসি ও সমমান পরীক্ষার ফল ৪ মে

চলমান পাতা/২

**১। একনেকে ১৩ প্রকল্প অনুমোদন**

দেশের প্রতিটি জেলা ও উপজেলায় একটি করে মোট ৫৬০টি মডেল মসজিদ ও ইসলামী সাংস্কৃতিক কেন্দ্র স্থাপনসহ ১৩ প্রকল্পের অনুমোদন দিয়েছে জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক)। এগুলো বাস্তবায়নে মোট ব্যয় ধরা হয়েছে ২০ হাজার ৪০২ কোটি ৭৫ লাখ ৭৯ হাজার টাকা। এর মধ্যে সরকারি ও সংস্থার নিজস্ব তহবিল থেকে ৯ হাজার ৬৭২ কোটি ৭৫ লাখ ৭৯ হাজার টাকা এবং বৈদেশিক সহায়তা থেকে ১০ হাজার ৭৩০ কোটি টাকা ব্যয় করা হবে। গতকাল ২৫ এপ্রিল মঙ্গলবার শেরেবাংলা নগরে এনইসি সম্মেলন কেন্দ্রে একনেক চেয়ারপারসন ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে অনুষ্ঠিত বৈঠকে প্রকল্পগুলো অনুমোদন দেওয়া হয়েছে। সূত্র-**সংবাদ** (শেষ. পৃ, ক. ৫), **সমকাল (পৃ. ২, ক. ৬) নিউজ টুডে** (শেষ. পৃ, ক. ২) **ইন্ডিপেনডেন্ট** (পৃ, ৯. ক. ১)।

**২। উত্তরাধিকারের রাজনীতি চান না প্রধানমন্ত্রী**

আওয়ামী লীগে উত্তরাধিকারের রাজনীতি চান না প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি এ ধরনের রাজনৈতিক মানসিকতা পরিহারের ওপর গুরুত্বারোপ করেছেন। আওয়ামী লীগ সভাপতি শেখ হাসিনা গত ২৪ এপ্রিল সোমবার প্রধানমন্ত্রীর সরকারি বাসভবন গণভবনে দলের স্থানীয় সরকার, পৌরসভা ও ইউনিয়ন পরিষদ মনোনয়ন বোর্ডের বৈঠকে এ মনোভাব দেখান। সূত্র-**সমকাল** (পৃ. ১, ক. ৫), **ইনকিলাব** (পৃ. ১, ক. ৬)।

**৩। ২০২১ সালের মধ্যে দেশ হবে ফাইলেরিয়ামুক্ত : স্বাস্থ্যমন্ত্রী**

আগামী ২০২১ সালের মধ্যে বাংলাদেশ ফাইলেরিয়ামুক্ত রাষ্ট্র হিসেবে স্বীকৃতি পাবে বলে আশাবাদ ব্যক্ত করেছেন স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম। গতকাল ২৫ এপ্রিল মঙ্গলবার ইন্দোনেশিয়ার রাজধানী জাকার্তায় 'দক্ষিণ-পূর্ব এশিয়া অঞ্চলে ট্রপিক্যাল রোগনির্মূল : প্রতিশ্রুতি রক্ষা' বিষয়ক বিশ্ব স্বাস্থ্য সংস্থার সিয়ারো অঞ্চলের দেশগুলোর স্বাস্থ্যমন্ত্রী সম্মেলনের উদ্বোধন অধিবেশনে মোহাম্মদ নাসিম আরও বলেন, বাংলাদেশের সব জেলা থেকে ইতোমধ্যে ফাইলেরিয়া নির্মূল করা হয়েছে। কুষ্ঠরোগ নির্মূলে জাতীয় লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। কালাজ্বর নির্মূলের ক্ষেত্রে ৯৮ শতাংশ লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। স্বাস্থ্য মন্ত্রণালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। সূত্র-**সমকাল** (পৃ. ৪, ক. ২), **ইত্তেফাক (শেষ. পৃ, ক. ৫) নিউজ টুডে** (পৃ, ২. ক. ১)।

**৪। বাংলাদেশের মানুষের গড় আয়ু বেড়ে ৭১ দশমিক ৬ বছর**

দেশের মানুষের গড় আয়ু বেড়ে ৭১ দশমিক ৬ বছর বা ৭১ বছর ৭ মাসে উন্নীত হয়েছে। এর মধ্যে পুরুষের গড় আয়ু হয়েছে ৭০ দশমিক ৩ বছর বা ৭০ বছর ৪ মাস এবং নারীদের গড় আয়ু বেড়ে হয়েছে ৭২ দশমিক ৯ বছর বা ৭২ বছর ১১ মাস। গতকাল ২৫ এপ্রিল মঙ্গলবার শেরেবাংলা নগরস্থ এনইসি সম্মেলন কক্ষে জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির বৈঠক (একনেক) শেষে পরিকল্পনামন্ত্রী আ হ ম মুস্তফা কামাল এ তথ্য জানান। সূত্র-**ইত্তেফাক** (পৃ, ১. ক. ১) , **জনকণ্ঠ** (পৃ, ১. ক. ৬), **নিউজ টুডে** (শেষ. পৃ, ক. ৫), **এশিয়ান এজ** (পৃ. ১, ক. ৪)।

**৫। নতুন ভ্যাট আইনে ব্যবসাবান্ধব পরিবেশ নিশ্চিত হবে : আইনমন্ত্রী**

নতুন ভ্যাট আইন বাস্তবায়ন হলে করদানে স্বচ্ছতা ও জবাবদিহিতার পাশাপাশি ব্যবসাবান্ধব পরিবেশ নিশ্চিত হবে বলে মনে করেন আইনমন্ত্রী আনিসুল হক। গতকাল ২৫ এপ্রিল মঙ্গলবার রাজধানীর কাকরাইলে আইডিইবি

ভবনে ভ্যাট ও মূল্য সংযোজন কর বাস্তবায়ন বিষয়ক এক সেমিনারে তিনি এ মন্তব্য করেন। এ সময় ক্ষুদ্র ও মাঝারি শিল্পের কথা মাথায় রেখে ভ্যাটের হার **১৫** শতাংশ থেকে কমানোর বিষয়ে জানান ব্যবসায়ীরা। সূত্র-**জনকণ্ঠ** (পৃ, ১৮. ক. ২), **ইত্তেফাক** (পৃ, ১৮. ক. ১), **নিউ এজ বিজনেস পাতা** (পৃ, ১. ক. ৫)।

**৬। ক্ষতিগ্রস্ত কৃষকদের মুখে হাসি না ফোটা পর্যন্ত সরকার পাশে থাকবে : দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণমন্ত্রী**

আগাম বন্যায় ক্ষতিগ্রস্ত নেত্রকোনা জেলার বারহাট্টা ও মদন উপজেলার বিভিন্ন স্থানে গতকাল ২৫ এপ্রিল মঙ্গলবার ক্ষতিগ্রস্ত কৃষকদের মাঝে ত্রাণ বিতরণ করেছেন ত্রাণ ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রী মোফাজ্জল হোসেন চৌধুরী মায়া (বীর বিক্রম) এমপি। মন্ত্রী আগাম বন্যায় ক্ষতিগ্রস্ত এলাকা পরিদর্শন শেষে বেলা ১২টায় বারহাট্টা উপজেলার চিরাম তাহেরা মান্নান স্মৃতি উচ্চ বিদ্যালয়ের মাঠে ক্ষতিগ্রস্ত কৃষকদের মাঝে ত্রাণ বিতরণ করেন। এ সময় তিনি ক্ষতিগ্রস্ত প্রতি পরিবারকে ৩০ কেজি করে চাল ও নগদ ৫০০ টাকা করে বিতরণ করেন। তিনি উপস্থিত লোকজনের উদ্দেশে বলেন, ক্ষতিগ্রস্ত কৃষকদের মুখে হাসি না ফোটা পর্যন্ত বর্তমান সরকার তাদের পাশে থাকবে। আগামী ফসল না উঠা পর্যন্ত ক্ষতিগ্রস্ত কৃষকদের নানা ধরনের সহায়তা প্রদান করা হবে। সূত্র-**ইনকিলাব** (পৃ. ১, ক. ১), **জনকণ্ঠ** (পৃ, ১. ক. ১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ, ৩. ক. ৭), **এশিয়ান এজ** (পৃ, ১. ক.১)।

**৭। নতুন কোচে খুলনা-রাজশাহী রুটে সাগরদাঁড়ি এক্সপ্রেসের উদ্বোধন**

নতুন কোচে খুলনা-রাজশাহী-খুলনা রুটে চলাচলকারী আন্তঃনগর ‘সাগরদাঁড়ি এক্সপ্রেস’ ট্রেনের গতকাল ২৫ এপ্রিল মঙ্গলবার উদ্বোধন করা হয়েছে। খুলনা রেলওয়ে স্টেশনে বিকেল তিনটায় ৯৬৬টি আসন বিশিষ্ট অত্যাধুনিক সুযোগ-সুবিধা সম্বলিত এ ট্রেনের উদ্বোধন করেন রেলপথ মন্ত্রী মো. মুজিবুল হক। উদ্বোধনকালে মন্ত্রী সারাদেশে রেলের বিভিন্ন চলমান প্রকল্পের বর্ণনা দিয়ে বলেন, এ সকল প্রকল্পসমূহের শতভাগ কাজ শেষ হলে রেলযোগাযোগ ব্যবস্থায় যুগান্তকারী পরিবর্তন আসবে। সূত্র-**ইনকিলাব** (পৃ. ৩, ক. ৪), **ইত্তেফাক** (শেষ. পৃ, ক. ১)।

**৮। স্টার্টআপের উন্নয়নের সঙ্গে দেশের উন্নয়ন জড়িত : আইসিটি প্রতিমন্ত্রী**

মোট ১০টি নতুন ব্যবসায় উদ্যোগকে (স্টার্টআপ) পুরস্কার দেওয়ার পাশাপাশি উদ্যোক্তাদের সঙ্গে দেশি ও আন্তর্জাতিক বিনিয়োগকারীদের পরিচয় করিয়ে দিতে আগামী ২৫মে ‘ন্যাশনাল ডেমো ডে’র আয়োজন করা হচ্ছে। এতে উদ্যোক্তা ও বিনিয়োগকারীরা পারস্পরিক সম্পর্ক উন্নয়নের সুযোগ পাবেন। গতকাল ২৫ এপ্রিল মঙ্গলবার রাজধানীর কারওয়ান বাজারের জনতা টাওয়ার সফটওয়্যার টেকনোলজি পার্কে আয়োজিত তথ্য ও যোগাযোগপ্রযুক্তি (আইসিটি) বিভাগের এক সংবাদ সম্মেলনে এ তথ্য জানান আইসিটি প্রতিমন্ত্রী জুনাইদ আহ্মেদ পলক। সূত্র-**প্রথম আলো** (পৃ, ১৭. ক. ৬), **নিউ এজ** (পৃ, ৪. ক. ৬)।

**৯। হাওর এলাকার ক্ষতিগ্রস্তদের জন্য ২০ কোটি টাকার সুদমুক্ত ঋণ মঞ্জুর করেছে পিকেএসএফ**

হাওর অঞ্চলের মানুষের দুর্দশার বিষয়টি বিবেচনায় নিয়ে পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) দুর্যোগ ব্যবস্থাপনা তহবিল হতে ২০ কোটি টাকা সুদমুক্ত ঋণ মঞ্জুর করেছে। ৮টি সংস্থার মাধ্যমে এই অর্থ বিতরণ করা হবে। দুর্যোগ সংক্রান্ত নীতিমালার আলোকে ক্ষতিগ্রস্ত ঋণ গ্রহিতাদের জন্য নিয়মিত ঋণের কিস্তি আদায় স্থগিত রাখার নির্দেশনা দিয়েছে পিকেএসএফ। পাশাপাশি সদস্যদের সঞ্চয় তহবিল থেকে অবারিতভাবে সঞ্চয় উত্তোলনের সুযোগ প্রদান করতে নির্দেশনা দিয়েছে। গতকাল ২৫ এপ্রিল মঙ্গলবার পিকেএসএফ এর এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। সূত্র-**ইত্তেফাক** (পৃ, ১৮. ক. ৫), **ভোরের কাগজ** (পৃ, ১. ক. ৫)।

১০। **এসএসসি ও সমমান পরীক্ষার ফল ৪ মে**

এবারের এসএসসি ও সমমানের পরীক্ষার ফল ৪ মে প্রকাশ করা হবে। ওই দিন সকালে প্রধানমন্ত্রী শেখ হাসিনার হাতে ফলাফলের সারসংক্ষেপ তুলে দেবেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নহিদ। পরে সংবাদ সম্মেলনে ফল প্রকাশের আনুষ্ঠানিক ঘোষণা দেওয়া হবে। বেলা ২টা থেকে শিক্ষার্থীরা শিক্ষা প্রতিষ্ঠান, অনলাইন এবং এসএমএস'র মাধ্যমে ফল জানতে পারবে। সূত্র-**যুগান্তর** (শেষ. পৃ, ক. ১), **ভোরের কাগজ** (শেষ. পৃ, ক. ১), **ডেইলি স্টার** (পৃ, ৫. ক. ১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ. ১, ক. ১)।

**সম্পাদকীয়**

ক. **সংবাদ, ভোরের কাগজ :** পার্বত্য চট্টগ্রাম পাহাড়ি ছাত্র পরিষদের নেতা রমেল চাকমার মৃত্যুর ঘটনায় বিচারিক তদন্ত ও তার মৃত্যুর জন্য দায়ীদের শাস্তির দাবি জানিয়েছে পার্বত্য চট্টগ্রাম কমিশন উল্লেখ করে সরকারের সর্বোচ্চ মহল বিষয়টি গুরুত্বের সঙ্গে দেখবেন বলে প্রত্যাশা ব্যক্ত।

খ. **জনকণ্ঠ :** চট্টগ্রাম বন্দরের ১৩০ বছরের গৌরবোজ্জ্বল অধ্যায়ের যুগসন্ধিক্ষণে এ বন্দরকে আরও আধুনিক ও অবকাঠামোগত সম্প্রসারণের ওপর গুরুত্বারোপ।

গ. **সমকাল :** গণপরিবহণ সংকট নিরসনে বিআরটিসির অচল বাসগুলো সচল করতে কার্যকর উদ্যোগ নেওয়ার সুপারিশ।

ঘ. **যুগান্তর, ইনকিলাব, ফিনানশিয়াল এক্সপ্রেস :** হাওরে বন্যায় ক্ষতিগ্রস্ত মানুষকে ত্রাণ সহায়তার সাথে সাথে আগাম বন্যা মোকাবিলায় যথাযথ পদক্ষেপ নেওয়া জরুরি বলে মত প্রকাশ।

ঙ. **প্রথম আলো :** শিক্ষক ও শ্রেণিকক্ষ সংকটসহ নানা সমস্যায় জর্জরিত চাঁদপুর সরকারি কলেজের ব্যাপারে যথাযথ পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

চ. **ইনডিপেনডেন্ট :** মগবাজার-মৌচাক ফ্লাইওভারের নির্মাণ কাজ পুরোপুরি শেষ না হওয়ায় এ এলাকার লোকজন দুর্ভোগে পড়ায় উদ্বেগ প্রকাশ করে ফ্লাইওভারের কাজ দ্রুত শেষ করার ওপর গুরুত্বারোপ।

ছ. **ডেইলি সান :** পোশাক শিল্পের কর্মীদের সুবিধা-অসুবিধা দেখার জন্য তাদের দীর্ঘদিনের চাওয়া কল্যাণ সমিতি গঠনের ওপর গুরুত্বারোপ করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

**উপ-সম্পাদকীয়**

**প্রথম আলো** পত্রিকায় প্রকাশিত কলামে শিক্ষা কেবল টেক্সট বইয়ে আবদ্ধ থাকলে চলবে না, একজন ছাত্রকে তার নানামুখী প্রবণতা ও সম্ভাবনার সাথে পরিচয় করিয়ে দিতে হবে বলে উল্লেখ করা হয়েছে।

**নিবন্ধ ও ফিচার**

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **'এখনই নিঃস্ব হাওরবাসীর পাশে দাঁড়াতে হবে'** শিরোনামের নিবন্ধে মোস্তাফা জব্বার হাওরের জন্য একটি আলাদা মন্ত্রণালয় বা বিভাগ তৈরি করে এর মাধ্যমে হাওর মহাপরিকল্পনা বাস্তবায়ন করতে হবে বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ডালিয়া/শুকলা/সাঈদা/তানিয়া/২০১৭/৯.০০ ঘণ্টা